গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ এবং বিশেষ প্রকল্পসমূহের মোবিলাইজেশন কার্যক্রমের হালনাগাদ অগ্রগতির উপর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৩ মার্চ ২০২১
সভার সময়	দুপুর ২.০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৬, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার পটভূমি তুলে ধরে বলেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ এবং বিশেষ প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়ন ও প্রকল্পগুলো সম্পন্ন করার ক্ষেত্রে শুষ্ক মৌসুমের যথাযথ ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পসমূহের বাস্তবায়ন নির্ভর করছে প্রকল্প সাইটে মোবিলাইজেশন কার্যক্রমের তৎপরতার উপর। এ কারণে তিনি মোবিলাইজেশন কার্যক্রমের পরিবীক্ষণের উপর গুরুত্বারোপ করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

সভায় বৈদেশিক ঋণ সহায়তাপুষ্ট প্রকল্পসমূহ এবং বিশেষ প্রকল্পসমূহের মোবিলাইজেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
১.	প্রকল্প পরিচালক সভায় জানান যে, "Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1)" শীর্ষক প্রকল্পের ২টি প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে বাঁধ নির্মাণ/ পুনঃ নির্মাণে প্রয়োজনীয় মাটির দুষ্প্রাপ্যতার কারণে কাজের গতিতে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সভাপতি উল্লেখ করেন যে, যে সব জায়গায় মাটি পাওয়া যাচ্ছে না সে সব জায়গায় জিওব্যাগ দ্বারা বাঁধ দিয়ে বাপাউবো'র নিজস্ব ড্রেজার দিয়ে মাটি fill up করতে হবে। এতে মাটি সমস্যার সমাধানসহ Land Reclamation হবে।	"Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1)" শীর্ষক প্রকল্প নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে জিওব্যাগ দ্বারা বাঁধ দিয়ে বাপাউবো'র নিজস্ব ড্রেজার দিয়ে ড্রেজিং করতঃ বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ করতে হবে। কারিগরি কমিটি প্রকল্পটি সরেজমিনে পরিদর্শনপূর্বক দিক নির্দেশনা প্রদান করবেন।	মহাপরিচালক, বাপাউবো ও প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)
২.	"Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতাধীন চলমান ৪টি প্যাকেজের ভৌত অগ্রগতি ও মোবিলাইজেশন কার্যক্রমে সভাপতি অসন্তোষ ব্যক্ত করেন। প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্নের লক্ষ্যে সাইটে মোবিলাইজেশন কার্যক্রম বৃদ্ধিপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন।	"Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সাইটে মোবিলাইজেশন কার্যক্রম বৃদ্ধিপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী (সময়সীমা)
৩.	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, "South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)" শীর্ষক প্রকল্পের ২০২০-২১ অর্থ বছরে আহবানকৃত ১৬টি দরপত্রের মধ্যে ৫টির মূল্যায়ন চলমান রয়েছে এবং ১১টির মূল্যায়ন প্রায় শেষ পর্যায়ে রয়েছে। প্রকল্প পরিচালক ফরিদপুর, রাজবাড়ি, নড়াইল ও মাগুড়া জেলার বাস্তবায়ন অগ্রগতি বর্ণনা করলে সভাপতি মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে নির্ধারিত সাইটসমূহ সরেজমিনে পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন।	"South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)" শীর্ষক প্রকল্পের আওতাধীন ২০২০-২১ অর্থ বছরে আহবানকৃত ১৬টি দরপত্রের কার্যাদেশ আগামী ১৫ দিনের মধ্যে প্রদান করতে হবে। এ প্রকল্পের আওতাধীন ফরিদপুর, রাজবাড়ি, নড়াইল ও মাগুড়া জেলার বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	প্রকল্প পরিচালক এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৪.	"ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতাধীন অবশিষ্ট ১০টি প্যাকেজের দরপত্র এখন পর্যন্ত আহবান না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। প্রকল্পটি নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্নের লক্ষ্যে আগামী ৭ দিনের মধ্যে অবশিষ্ট দরপত্রআহবানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতাধীন অবশিষ্ট ১০টি প্যাকেজের দরপত্র আগামী ৭ দিনের মধ্যে আহবান করতে হবে এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদ ডিসেম্বর/ ২০২১ এর মধ্যে প্রকল্পটি সর্বোতভাবে সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
৫.	"Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতাধীন কিশোরগঞ্জের ৮টি প্যাকেজের অগ্রগতি ও মোবিলাইজেশন কার্যক্রম নিয়ে আলোচনা হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পটি সম্পন্ন করার লক্ষ্যে সাইটে মোবিলাইজেশন কার্যক্রম বৃদ্ধিপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি পরামর্শ প্রদান করেন।	"Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সাইটে মোবিলাইজেশন কার্যক্রম বৃদ্ধিপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)
৬.	"সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধনী প্রক্রিয়াধীন)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, গত ২৫ ফেব্রুয়ারী ২০২১ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় পুনঃবন্টন হয়নি এমন ৩০টি প্যাকেজের চুক্তি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। এরই পরিপ্রেক্ষিতে খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক ৩০টি প্যাকেজের তালিকা প্রেরণ করা হয়েছে। সভাপতি উক্ত প্যাকেজগুলোর চুক্তি বাতিলপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের নির্দেশনা প্রদান করেন।	"সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতাধীন খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃক প্রেরিত ৩০টি প্যাকেজের চুক্তি বাতিলপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে।	প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প ও ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড (যথাশীঘ্র)
৭.	"৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, ইতোমধ্যে প্রকল্পটির ৬৫% অগ্রগতি সম্পন্ন হয়েছে এবং সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটির সময় বৃদ্ধিসহ প্রকল্প সংশোধন করতে হবে। সভাপতি প্রকল্পের ব্যয় অপরিবর্তিত রেখে জুন/ ২০২২ পর্যন্ত প্রকল্পের সময়সীমা বৃদ্ধি করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন। তবে পার্বত্য জেলাগুলোর কিছু ছোট নদী, খাল এবং অন্যান্য জেলার কিছু অতি প্রয়োজনীয় নদী/ খালের পুনঃখনন কাজ প্রকল্পটির পরবর্তী সংশোধনীতে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।	ক) "৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পটির প্রকল্প ব্যয় অপরিবর্তিত রেখে জুন/ ২০২২ পর্যন্ত বর্ধিতকরণের লক্ষ্যে ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) পার্বত্য জেলাগুলোর কিছু ছোট নদী, খাল এবং অন্যান্য জেলার কিছু অতি প্রয়োজনীয় নদী/ খালের পুনঃখনন কাজ প্রকল্পটির পরবর্তী সংশোধনীতে অন্তর্ভুক্ত করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক (যথাশীঘ্র)

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার

সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০২.১৯.১২২

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) যুগ্মসচিব (উন্নয়ন-০১/০২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ফরিদপুর/খুলনা/বরিশাল/রংপুর।

১০) প্রকল্প পরিচালক, Coastal Embankment Improvement Project, Phase-1 (CEIP-1)/ Flood and River Bank Erosion Risk Management Investment Program/ Irrigation Management Improvement Project (IMIP)- for Muhuri Irrigation Project (MIP)/ South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2)/ ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট)/ Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part)/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়)/ সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (ফেজ-২), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১১) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) উপপ্রধান (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) উপসচিব, উন্নয়ন-৫ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৫) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সভার কার্যবিবরণী পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ মমিনুর রহমান
উপসচিব